

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.১৫২২/১(৪)

তারিখ : ০৫/০৯/২০১৬ খ্রি:।

বিষয় :- বোরো সংগ্রহ-১৬ এ অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য আতপ চালের বিভাগ-ওয়ারি বিভাজন।

সূত্র : খাদ্য মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৩.০০৩.২০১৬-৬৩, তারিখ ০৪-০৯-২০১৬ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে সরকার কর্তৃক অনুমোদিত ১.০০ লাখ মেঃটন আতপ চালের অবশিষ্ট ৫০,০০০ মেঃটন আতপ চাল নিম্নবর্ণিতভাবে অনুমোদন প্রদান করা হয়েছে :

- (১) খুলনা বিভাগে ১০,০০০ (দশ হাজার) মেঃ টন, ঢাকা বিভাগে ১০,০০০ (দশ হাজার) মেঃটন, সিলেট বিভাগে ১৫,০০০ (পনের হাজার) মেঃ টন ও চট্টগ্রাম বিভাগে ১৫,০০০ (পনের হাজার) মেঃটন আতপ চালের বিভাগভিত্তিক আতপ চালের লক্ষ্যমাত্রা প্রদান করা হল এবং সংগ্রহের সম্ভাবনা বিবেচনায় সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকদের জেলাওয়ারী/উপজেলাওয়ারী লক্ষ্যমাত্রা পুনঃ বিভাজনের ক্ষমতা প্রদান করা হলো;
- (২) প্রতিকেজি আতপ চালের মূল্য ৩১/- (একত্রিশ) টাকা এবং সংগ্রহের সময়সীমা আগামী ৩০.০৯.২০১৬ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো;
- (৩) চট্টগ্রাম ও সিলেট বিভাগে বোরো সংগ্রহ/১৬ এর আওতায় চুক্তিবদ্ধ আতপ মিলারদের অনুকূলে পুন:বরাদ্দের মাধ্যমে সংগ্রহ করতে হবে;
- (৪) ঢাকা ও খুলনা বিভাগে আতপ মিলারদের সাথে চুক্তির মাধ্যমে আতপ চালের বরাদ্দ প্রদান করা এবং এ দুই বিভাগের আতপ চাল সংগ্রহের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ১৫/৯/২০১৬ ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো;
- (৫) মিলারদের প্রদেয় বস্তার জামানত বাবদ ৫০ কেজি ধারণক্ষম প্রতিটি বস্তার মূল্য ৯০.০০ (নব্বই) টাকা নির্ধারণ করা হলো; ও
- (৬) চলতি বোরো সংগ্রহ ২০১৬ এর আওতায় চট্টগ্রাম ও সিলেট বিভাগে প্রেরিত ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মেঃ টন আতপ চালের বিভাজনের বিপরীতে যে সমস্ত আতপ চালকল মালিক চুক্তি সম্পাদন করেননি, তাদেরকে অবশিষ্ট ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মেঃ টন আতপ চাল সংগ্রহ কার্যক্রমে বারিত রাখতে হবে।

২। এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা ২০১০ এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের আতপ চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা বিভাগ।

(ইলাহী দাদ খান)

পরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

e-mail: dproc@dgfood.gov.bd

তারিখ : ০৫/০৯/২০১৬ খ্রি:।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬. ১৫২২/১(৪)/(২০)

অনুলিপি :

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ্য ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।